

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৬২২

আগরতলা, ০৪ ফেব্রুয়ারি, ২০২৫

শ্রী শ্রী শান্তিকালী এস টি গার্লস হোষ্টেলের উদ্বোধন

দেশ গঠনে শিশু ও যুবাদের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে : রাজ্যপাল



দেশ গঠনে শিশু ও যুবাদের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। তাই সমাজের বিভিন্ন ক্ষেত্রে যোগদান দেওয়ার সময় দেশের স্বার্থকে সবার উপরে রাখতে হবে। গতকাল রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিডি নাল্লু অমরপুরের সরবৎ-এ শান্তিধারে শ্রী শ্রী শান্তিকালী এস টি গার্লস হোষ্টেলের উদ্বোধন করে একথা বলেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা। অনুষ্ঠানে রাজ্যপাল আরও বলেন, শ্রী শ্রী শান্তিকালী এস টি গার্লস হোষ্টেলটি হচ্ছে সমাজের সকলের জন্য সমান শিক্ষার সুযোগ করে দেওয়ার মহত্ব প্রচেষ্টার এক উদাহরণ। মেয়েরা যাতে ক্ষমতায়িত হয়ে ভবিষ্যতে নেতৃত্ব দিতে পারে তাই তাদেরকে নিরাপদ আশ্রয় প্রদান করে শিক্ষার সুযোগ করে দেওয়ার উদ্দেশ্যেই এই ছাত্রিনিবাসটি নির্মাণ করা হয়েছে। অনুষ্ঠানে রাজ্যপাল স্বামী চিত্ত মহারাজের উদ্যোগের প্রশংসা করে বলেন, তিনি এসব কাজের মাধ্যমে আমাদের দেশের প্রবৃদ্ধি ও উন্নয়নে যোগদান করছেন। উদ্বোধনের পর রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিডি নাল্লু হোষ্টেলটি ঘুরে দেখেন এবং শান্তিকালী মন্দিরে যজ্ঞ আহুতি অনুষ্ঠানেও অংশ নেন।

অনুষ্ঠানে জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা বলেন, এই হোষ্টেল গড়ে উঠায় অনেক দরিদ্র, অনাথ ও প্রত্যন্ত এলাকার ছেলেমেয়েরা পড়াশুনা করার সুযোগ পাবে। আমাদের ঐতিহ্যময় সংস্কৃতির বিকাশেও শ্রী শ্রী শান্তিকালী আশ্রম গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন শ্রী শ্রী শান্তিকালী শান্তিধারের গয়ামনি মহারাজ। ধন্যবাদ জ্ঞাপন করেন পদ্মশ্রী স্বামী চিত্ত মহারাজ। তাছাড়াও বক্তব্য রাখেন বিধায়ক পাঠানলাল জমাতিয়া।
